সংবাদ

তারিখ ... 4.8.80 ...
পৃষ্ঠা ... 3 কলাম 7 ...

094

# শিক্ষা উপকরণের অভাবে ৯০টি প্রাইমারী স্কুল অচল হয়ে উঠেছে

শৈলকুপা (যশোর), ২৮শে জুলাই (নিজস্ব সংবাদদাতা)।—অধিকাংশ স্কুলগৃহের ভগ্নদশা ব্ল্যাকবোর্ড, বেঞ্চ ও অন্যান্য শিক্ষা উপকরণের অভাবের জন্য শৈলকুপা থানার ৯০টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে।

অভিযোগে প্রকাশ এই থানার ৯০টি প্রাথমিক বিদ্যালয়ের কোনটির বেড়া নেই কোনটাতে নামমাত্র টিনের আচ্ছাদন আছে সত্যি কিন্তু স্কুল চলাকালীন সময়ে বৃষ্টি নামলে টিনের চালা দিয়ে পানি পড়ার দরুন স্কুল বন্ধ হয়ে যায়। কোন কোন বিদ্যালয়ে আবার প্রয়োজনীয় সংখ্যক বেঞ্চ নেই। বেঞ্চের অভাবে বাধ্য হয়ে ছাত্র-ছাত্রীরা মেঝের উপর বসে ক্লাশ করে। এতে বিদ্যালয়ের সুষ্ঠু পরিবেশ নষ্ট হচ্ছে।

অনেক বিদ্যালয়েই প্রয়োজনীয় সংখ্যক ব্ল্যাকবোর্ড নেই। তাছাড়া বিদ্যালয় পরিচালনার জন্য মাসিক বরাদ্দকৃত তহবিল এতই নগণ্য যে তা দিয়ে এক সপ্তাহও চালানো সম্ভব নয় বলে জনৈক প্রাইমারী স্কুল প্রধান শিক্ষক জানিয়েছেন। কোন কোন বিদ্যালয়ে প্রয়োজনের তুলনায় শিক্ষক সংখ্যাও কম রয়েছে। জনসাধারণের পক্ষ থেকে বারবার তাগিদ দেয়া সত্ত্বেও সেখানে শিক্ষক নিয়োগ করা হচ্ছে না

গত বছরের ঝড়ে বিধ্বস্ত কয়েকটি স্কুলগৃহ এখনো মেরামত করা হয়নি। এই সমস্ত স্কুলের ছাত্র-ছাত্রীদের কখনো গাছতলায়, কখনও অস্থায়ী ছাপরার নীচে, রোদে পুড়ে, বৃষ্টির ঝাপটা সয়ে লেখাপড়া করতে হচ্ছে। কর্তৃপক্ষের বার বার দৃষ্টি আকর্ষণ করা হয়েছে, কিন্তু কোন ব্যবস্থা নেয়া হয়নি।